



**Permanent Mission of Bangladesh**

65, Rue de Lausanne  
1202 Geneva

Phone: +41 (0) 22 906 8020

Fax : +41 (0) 22 738 4616

E-mail : permanentmission.geneva@mofa.gov.bd

Website: www.genevamismission.mofa.gov.bd

**করোনা ভাইরাস সংক্রমণের প্রেক্ষিতে ভ্রমণ সংক্রান্ত তথ্য (জরুরী বিজ্ঞপ্তি -৩)**

বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক বৈশ্বিক করোনা ভাইরাস সংক্রমণ pandemic ঘোষণার প্রেক্ষিতে সুইজারল্যান্ড প্রবাসী সকল বাংলাদেশী নাগরিককে ভ্রমণ সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে:

১. জরুরী প্রয়োজন ব্যতীত করোনা ভাইরাসে মারাত্মকভাবে আক্রান্ত দেশসমূহ থেকে প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশ ভ্রমণ না করার জন্য বাংলাদেশ সরকারের পক্ষ হতে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, করোনা ভাইরাসে মারাত্মকভাবে আক্রান্ত দেশসমূহের মধ্যে এই মুহূর্তে সুইজারল্যান্ড অন্যতম। প্রসঙ্গত, শুধুমাত্র আক্রান্ত দেশ হতে ভ্রমণই নয়, ভ্রমণকালীন সময়েও করোনা সংক্রমণের সম্ভাবনা রয়েছে।

২. প্রবাসী বাংলাদেশী নাগরিকদের সংশ্লিষ্ট দেশসমূহের সরকারকর্তৃক জারীকৃত ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা/বিধি-নিষেধ আবশ্যিকভাবে অনুসরণ করার এবং অতি জরুরী প্রয়োজন ব্যতীত ভ্রমণ না করার অনুরোধ জানানো যাচ্ছে।

৩. তাছাড়া, সুইজারল্যান্ডের কোন স্থানে জরুরী ভ্রমণের প্রয়োজন হলে সুইস স্বাস্থ্য বিভাগের নিম্নোক্ত **জরুরী ফোন নম্বরে** যোগাযোগ করে পরামর্শ গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে:

**+৪১ ৫৮ ৪৬৪ ৪৪ ৮৮**



বাংলাদেশ স্থায়ী মিশন  
জেনেভা